

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
(বিজনেস প্রমোশন অনুবিভাগ)
www.boesl.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে ২য় কোয়ার্টারে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভার সভাপতি: মো: মাহাবুবুর রহমান
(যুগ্ম সচিব)
নির্বাহী পরিচালক, বোয়েসেল।
সভার তারিখ: অক্টোবর ২৬, ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়: সকাল ১১:৩০ ঘটিকা
স্থান: বোয়েসেল সম্মেলন কক্ষ
উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি করোনা মহামারি চলাকালীন সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন। অতঃপর তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে সভায় জানতে চান। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলো।

২.০। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

ক্রমিক. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	নৈতিকতা কমিটির সদস্য সচিব উপমহাব্যবস্থাপক(ব্যবসা উন্নয়ন) সভায় অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারে একটি করে মোট ৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। গত ৪ আগস্ট ১ম কোয়ার্টারের সভা সম্পন্ন হয়েছে।	তৃতীয় কোয়ার্টারের সভা জানুয়ারি মাসে সম্পন্ন করতে হবে	নির্বাহী পরিচালক ও সভাপতি নৈতিকতা কমিটি
২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	প্রতি কোয়ার্টারে সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে	সংশ্লিষ্ট কর্মকর্তা/ বিভাগ
৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakholders) অংশগ্রহণে ২ টি সভা করার নির্দেশনা রয়েছে।	ডিসেম্বর ২০২১ খ্রি এবং জানুয়ারি ২০২২ খ্রি. মাসে অংশীজনের (Stakholders) অংশগ্রহণে ২ টি সভা সম্পন্ন করতে হবে	মহাব্যবস্থাপক (বৈ.নি)
৪	বোয়েসেল-এর কর্মকর্তা/ কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	নভেম্বর/ ডিসেম্বর মাসে শুদ্ধাচার প্রশিক্ষণ আয়োজন করতে হবে	এজিএম (প্রশা.এইচআর. ট্রেনিং)
৫	বোয়েসেল-এর কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কক্ষে এসি লাগানো, চেয়ার টেবিল ও শেল্ল বসানো এবং পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলমান আছে।	বোয়েসেল-এর কর্ম-পরিবেশ উন্নয়ন অব্যাহত রাখতে হবে।	ডিজিএম (প্রশা.এইচআর. অর্থ)
৬	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	সঠিক সময়ে প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে	ডিজিএম(বি.পি)
৭	শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ	প্রতি বছরের ন্যায় শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে	নৈতিকতা কমিটি
৮	উপমহাব্যবস্থাপক(ব্যবসা উন্নয়ন) সভায় অবহিত করেন যে ,২০২১-২০২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	ক্রয়-পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে	ব্যবস্থাপক(হিসাব ও অর্থ)

ক্রমিক. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৯	বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের বিষয়ে সভার সভাপতি উল্লেখ করেন যে, বোয়েসেল-এর জন্য গাড়ি ক্রয় করতে হবে এবং বোয়েসেল-এর জন্য জমি ক্রয়ের বিষয়ে তিনি বলেন যে, কমিশনার, ঢাকা এর সাথে এ বিষয়ে নির্বাহী পরিচালক, মহাব্যবস্থাপক (বৈ.নি) মহোদয় সাক্ষাৎ করেছেন। কমিশনার মহোদয় অবহিত করেছেন যে, বোয়েসেল-এর জন্য জমি বরাদ্দ না দিয়ে কোনো ভবন নির্মান করে সেখান থেকে ফ্লোর বরাদ্দ দেয়ার ব্যবস্থা করবেন।	কমিশনার, ঢাকা এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	নির্বাহী পরিচালক, মহাব্যবস্থাপক (বৈ.নি)
১০	নৈতিকতা সম্পর্কিত প্রচারনার বিষয়ে কোম্পানি সচিব, বোয়েসেল উল্লেখ করেন, বৈদেশিক নিয়োগ ও বোয়েসেল-এর কার্যক্রম অবহিত করণের লক্ষ্যে বিভিন্ন জেলায় জব ফেয়ার ও অবহিত করণ সভা চলমান আছে।	নৈতিকতা সম্পর্কিত প্রচারনা অব্যাহত রাখতে হবে।	নৈতিকতা কমিটি
১২	বিদেশগামীদের জন্য সচেতনতামূলক সভা আয়োজন করার বিষয়ে কোম্পানি সচিব, মহোদয় উল্লেখ করেন যে, বোয়েসেলে বিদেশগামী কর্মীদের প্রতিনিয়ত বহির্গমন ত্রিফিং প্রদান করা হয়।	বিদেশগামী কর্মীদের বহির্গমন ত্রিফিং অব্যাহত রাখতে হবে।	বৈদেশিক নিয়োগ বিভাগ
১৩	দুর্নীতি প্রতিরোধ সহায়ক তথ্য সম্বলিত লিফলেট বিতরণ এর বিষয়ে উপমহাব্যবস্থাপক(ব্যবসা উন্নয়ন) আলোচনায় বলেন, দুর্নীতিকে বিরোধী বিভিন্ন শ্লোগান সম্বলিত স্টিকার তৈরি করে বিভিন্ন স্থান যেমন দরজা বা বিদেশগামী কর্মীদের দৃষ্টি গোচর স্থানে লাগানো হয়েছে। এবং গণ বিজ্ঞপ্তি প্রকাশ ও লিফলেট বিতরণ করা হয়েছে।	দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	ডিজিএম (প্রশা.এইচআর. অর্থ))
১৪	সেবা গ্রহীতার জন্য সচেতনতামূলক তথ্য সোশাল মিডিয়ায় প্রচারণার বিষয়ে ডিজিএম (প্রশা.এইচআর. অর্থ)) উল্লেখ করেন যে, Youtube, Face book-এ বোয়েসেলের বৈদেশিক নিয়োগ সংক্রান্ত নোটিশ ও অন্যান্য প্রচারণা চালানো হচ্ছে।	সচেতনতামূলক তথ্য সোশাল মিডিয়ায় প্রচারণা অব্যাহত রাখতে হবে	এজিএম/ ব্যবস্থাপক (আইটি)/ ব্যবস্থাপক (প্রটোকল)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: মাহাবুবুর রহমান
(যুগ্ম সচিব)
নির্বাহী পরিচালক
ও সভার সভাপতি, বোয়েসেল, ঢাকা

নং: ৪৯.০২.০০০০.০০৬.০৬.০০১.২১- ৬৩০ (ক)

তারিখ: ২৮.১০.২০২১ খ্রি

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। জনাব বনানী বিশ্বাস, মহাব্যবস্থাপক, বোয়েসেল, ঢাকা।
- ২। জনাব মো. আব্দুস সোবহান, কোম্পানি সচিব, বোয়েসেল, ঢাকা।
- ৩। জনাব নূর আহমেদ, উপমহাব্যবস্থাপক (প্রশা., অর্থ ও ট্রেনিং), বোয়েসেল, ঢাকা।
- ৪। পিএসটু এমডি(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বোয়েসেল, ঢাকা।

মোহাম্মদ আলম হোসেন,
উপমহাব্যবস্থাপক (ব্যবসা উন্নয়ন)